# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 30-08-2026** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেশামুক্ত ভারতের লক্ষ্যে সৃজনশীল কাজের মাধ্যমে সচেতনতা গড়ে তুলতে লেখক-শিল্পী-কন্টেন্ট ক্রিয়েটারদের প্রতি আহ্বান জানিয়েছেন।

আকাশবাণী থেকে সম্প্রচারিত মন-কি-বাতের ১৩৭-তম সংস্করণে উত্তম কুমারের জন্ম শতবর্ষে কিংবদন্তী চলচ্চিত্র অভিনেতার স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী।

২) রাজ্যে আবাস যোজনার সমীক্ষার কাজ প্রায় শেষের মুখে। ভিবিজি রামজী প্রকল্পের কাজও পুরোদমে শুরু হতে চলেছে, জানালেন পঞ্চায়েত ও গ্রামোন্নয়নমন্ত্রী দিলীপ ঘোষ।

৩) যাদবপুর বিশ্ববিদ্যালয়ে মোছা হলো বেশকিছু দেওয়াল লিখন। স্বাগত জানালো এবিভিপি। শিশুসুলভ আচরণ আখ্যা দিয়ে অবিলম্বে ছাত্র সংসদ নির্বাচনের দাবি SFI-এর।

৪) কলকাতা প্রিমিয়ার লীগ ফুটবলে ইস্টবেঙ্গল ২-০ গোলে ক্যালকাটা কাস্টমসকে হারিয়ে দিয়েছে।

৫) সক্রিয় নিম্নচাপ এলাকার প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাষ। দুই মেদিনীপুর ও ঝাড়গ্রামে ভারী থেকে অতিভারী বৃষ্টির কমলা সতর্কতা।

০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, নেশামুক্ত ভারতের লক্ষ্যে যুবসমাজসহ সমাজের সর্বস্তরের মানুষকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। আকাশবাণীতে আজ মন কি বাত-এর ১৩৭-তম সংস্করণে প্রধানমন্ত্রী বলেন, নেশার প্রতি দুর্নিবার আসক্তি শুধু ব্যক্তিকেই গ্রাস করে না, তার কুফল প্রভাব ফেলে সমগ্র পরিবার ও সমাজের উপর। এর মোকাবিলায় প্রধানমন্ত্রী লেখক, সঙ্গীতজ্ঞ, নাট্যকর্মী, কন্টেন্ট ক্রিয়েটর – সকলকে সৃজনশীল কাজের মাধ্যমে সচেতনতা গড়ে তোলার আহ্বান জানান।

( বাইট- প্রধানমন্ত্রী /নেশা )

আগামী তেসরা সেপ্টেম্বর মহানায়ক উত্তম কুমারের আসন্ন জন্মশতবর্ষ উপলক্ষ্যে কিংবদন্তী চলচ্চিত্র অভিনেতার প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করে প্রধানমন্ত্রী বলেন, কঠোর পরিশ্রম করে তিনি বিভিন্ন চরিত্রকে জীবন্ত করে তুলতেন। পরিশ্রমের বিকল্প হয় না, কাজের প্রতি নিষ্ঠা থাকলে একদিন সাফল্য আসবেই- উত্তরমকুমার তার প্রমাণ। মানুষের হৃদয়ে তাঁর স্থান চিরকালীন।

( বাইট- প্রধানমন্ত্রী /উত্তম কুমার )

আসন্ন উৎসবের মরশুমে আরো একবার ভোকাল ফর লোকালের মন্ত্র স্মরণ করিয়ে দিয়ে প্রধানমন্ত্রী স্বদেশী পণ্যসামগ্রী কিনতে দেশবাসীর প্রতি অনুরোধ জানান।

(বাইট – প্রধানমন্ত্রী /ভোকাল ফর লোকাল)

০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ‘মন কি বাত’ অনুষ্ঠানে নেশামুক্ত সমাজ গড়ার বার্তাকে স্বাগত জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। নিজের দফতর থেকে অনুষ্ঠানটি শোনার

পর সমাজমাধ্যমে এক পোস্টে তিনি বলেন, এদিনের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী যুব সমাজকে নেশামুক্ত থাকার আহ্বান জানিয়ে নেশামুক্ত ভারত গড়ার লক্ষ্যে সকলকে এগিয়ে আসার আবেদন জানিয়েছেন। দেশের উজ্জ্বল ভবিষ্যতের জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আগামী তেসরা সেপ্টেম্বর মহানায়ক উত্তমকুমারের জন্মবার্ষিকীর প্রসঙ্গ তুলে 'মন কি বাত'-এ তাঁর অবদানের কথা স্মরণ করায় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান মুখ্যমন্ত্রী। তিনি বলেন, দেশের ইতিহাস, সংস্কৃতি ও আত্মনির্ভরতার বার্তাই এদিনের 'মন কি বাত'-এর মূল অনুপ্রেরণা।

ooooooooooooooooo

আজকের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর মন কি বাত নিয়ে বিশেষ অনুষ্ঠান। বিভিন্ন মানুষের মতামত জানতে আমরা তাঁদের সঙ্গে কথা বলেছি । আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটা ৩০ মিনিটে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

oooooooooooooooooooooo

রাজ্যে আবাস যোজনার সমীক্ষার কাজ প্রায় শেষের মুখে। ভি বি জি – রাম জি প্রকল্পের কাজও পুরোদমে শুরু হতে চলেছে বলে রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ জানিয়েছেন। বীরভূমের সিউড়িতে আজ মন্ত্রী পঞ্চায়েত ব্যবস্থা, আবাস যোজনা, ভি বি জি – রাম জি প্রকল্প সহ বিভিন্ন সরকারি কাজের অগ্রগতি খতিয়ে দেখেন। এসংক্রান্ত এক পর্যালোচনা বৈঠকের পর সাংবাদিক সম্মেলনে মন্ত্রী বলেন, আগামী মাস থেকেই ভি বি জি রাম জি প্রকল্পে কর্মদিবসের সংখ্যা বাড়বে। সাধারণ মানুষও আরও বেশি কাজের সুযোগ পাবেন বলে আশা প্রকাশ করেন তিনি।

বাইট – দিলীপ ঘোষ

তিনি বলেন, যোগ্য উপভোক্তারাই কেবল সরকারি প্রকল্পের সুবিধা পাবেন। সে-জন্য নতুন ভোটার তালিকার সঙ্গে প্রকল্পের সুবিধাভোগীদের নামের তালিকাও মিলিয়ে দেখা হচ্ছে। যাঁদের নাম বিভিন্ন কারণে বাদ পড়েছে বা যাঁরা প্রকৃত সুবিধাভোগী নন, তাঁদের বাদ দিয়ে নতুন কার্ড দেওয়ার প্রক্রিয়া চলছে। তথ্য যাচাইয়ের জন্যই কাজে কিছুটা সময় লাগছে বলে জানান মন্ত্রী।

আজকের বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের কৃষিমন্ত্রী দুধকুমার মণ্ডল, বীরভূমের জেলাশাসক ধবল জৈন-সহ প্রশাসনের অন্যান্য শীর্ষ আধিকারিকরা।

ooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ পশ্চিম মেদিনীপুরে ঘাটাল সাংগঠনিক জেলার বিজেপি কর্মী-সমর্থকদের নিয়ে এক রুদ্ধদ্বার বৈঠকে যোগ দেন। খড়্গপুর গ্রামীণ থানার ১৬-নম্বর জাতীয় সড়কের ধারে একটি হোটেলে দলীয় প্রশিক্ষণ শিবিরে যোগ দেন তিনি।

উল্লেখ্য, দলের ঘাটাল সাংগঠনিক জেলার "দীনদয়াল উপাধ্যায় প্রশিক্ষণ শিবির" গতকাল শুরু হয়েছে।

ooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম ২ নম্বর ব্লকের রেয়াপাড়াতে প্রশাসনিক সভায় যোগ দেবেন। সভা থেকেই আবাস যোজনা, আয়ুষ্মান ভারত সহ বিভিন্ন সরকারী প্রকল্পের সুবিধা উপভোক্তাদের হাতে তুলে দেবেন তিনি। সভাস্থল পরিদর্শনের পর আজ রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরের প্রতিমন্ত্রী শান্তনু প্রামাণিক জানান, জেলার উন্নয়ন নিয়ে সরকারের একাধিক পরিকল্পনার কথা মুখ্যমন্ত্রী আগামীকাল ঘোষণা করবেন।

ooooooooooooooooo

যাদবপুর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কর্তৃপক্ষের উদ্যোগে বেশ কিছু দেওয়াল লিখন মুছে দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের তরফে বলা হয়েছে, দেওয়াল লিখন দৃশ্যদূষণ ঘটানোয় তা মুছে ফেলা হয়েছে। ছাত্র-ছাত্রীরা তাঁদের দাবি দাওয়া ডিসপ্লে বোর্ডে লিখতে পারেন।

অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ এ বি ভি পি-র কেন্দ্রীয় কার্য সমিতির সদস্য শুভব্রত অধিকারী দেওয়াল মোছার উদ্যোগকে স্বাগত জানিয়েছেন।

বাইট – শুভব্রত

অন্যদিকে বাম ছাত্র সংগঠন এস এফ আই-এর রাজ্য সম্পাদক দেবাঞ্জন দে একে শিশুসুলভ আচরণ আখ্যা দিয়ে বলেছেন, দেওয়াল লিখন মোছা যায়, কিন্তু ইতিহাস ও মুক্ত চিন্তার পরিসর মোছা যায় না। তিনি অবিলম্বে ছাত্র সংসদ নির্বাচন আয়োজনের দাবি জানান।

বাইট – দেবাঞ্জন

oooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে দেশের প্রথম প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুর একটি পূর্ণাবয়ব মূর্তি অবমাননার ঘটনাকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। অভিযোগ, শহরের হর্ষবর্ধন প্রাইমারি স্কুল সংলগ্ন মেডিটেশন সেন্টারের সামনে থাকা নেহরুর মূর্তিটি একটি অনুষ্ঠানের জায়গা করে দিতে ক্রেন দিয়ে তুলে পাশের জঙ্গলে ফেলে দেওয়া হয়। জেলা কংগ্রেস সভাপতি দেবেশ চক্রবর্তী এই ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করে বলেছেন, ২৪ ঘণ্টার মধ্যে দোষীদের চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা না নেওয়া হলে তাঁরা বৃহত্তর আন্দোলনে নামবেন।

অন্যদিকে, স্থানীয় বিজেপি বিধায়ক চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায় এই ঘটনার জন্য তৃণমূল ও কংগ্রেসের বিবাদকে দায়ী করে বলেছেন, বিষয়টি নিয়ে ভিত্তিহীন রাজনীতি করা হচ্ছে। পুলিশ ঘটনার তদন্ত করছে।

ooooooooooooooooo

কিডনি পাচারের অভিযোগে এক বাংলাদেশি অনুপ্রবেশকারীকে গ্রেফতার করেছে বিধাননগর থানার পুলিশ। ধৃত যুবকের নাম রাসেল আহমেদ। এই মামলায় আরেক ধৃত প্রভাস মন্ডলকে জিজ্ঞাসাবাদের সূত্রে রাসেলের নাম উঠে এসেছে বলে জানা গেছে। ভারত-বাংলাদেশ সীমান্তে এই কিডনি পাচারচক্র ছড়িয়ে পড়েছে বলে পুলিশ সূত্রে জানা যাচ্ছে।

দু’বছর আগেও কিডনি পাচারের অভিযোগে দিল্লি পুলিশ রাসেলকে গ্রেফতার করেছিল বলে খবর। তাকে দিল্লি পুলিশ গ্রেফতার করেছিল।

ooooooooooooooooo

কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে আজ ইস্টবেঙ্গল ২-০ গোলে ক্যালকাটা কাস্টমসকে হারিয়ে দিয়েছে। লাল – হলুদের হয়ে গোল করেন মনোতোষ মাঝি এবং আকাশ হেমব্রম। এই জয়ের ফলে, ইস্টবেঙ্গল ৯ ম্যাচে ২৩ পয়েন্ট নিয়ে সুপার সিক্সে পৌঁছল।

ooooooooooooooooo

কেন্দ্রীয় সরকারের প্রকল্প ফিট ইন্ডিয়া মুভমেন্ট-এর অঙ্গ হিসাবে আজ সকালে কলকাতায় এক সাইকেল র‍্যালীর আয়োজন করা হয়। রাজ্য ক্রীড়া দপ্তরের উদ্যোগে নেতাজী ইনডোর স্টেডিয়ামের সামনে থেকে র‍্যালীর সূচনা হয়। উপস্থিত ছিলেন ক্রীড়ামন্ত্রী ডাক্তার ইন্দ্রনীল খাঁ,কলকাতার পুলিশ কমিশনার অজয় নন্দা, কলকাতা পুরসভার কমিশনার স্মিতা পান্ডে প্রমুখ।

ooooooooooooooooooooo

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এবং সংলগ্ন পশ্চিমবঙ্গ ও উত্তর ওড়িশা উপকূলের ওপর সক্রিয় নিম্নচাপ এলাকার প্রভাবে রাজ্যের বেশ কিছু জেলায় ভারী বৃষ্টির

পূর্বাভাস রয়েছে। দুই মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলায় রয়েছে ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা। ভারী বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে কলকাতা, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, হাওড়া, হুগলি, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলায়। মৎস্যজীবীদের আগামী মঙ্গলবার পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

ooooooooooooooooo

oooooooooooooooooooo